

ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়
(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ০২-৮১৪৪৭৯১, ফ্যাক্সঃ ০২-৯১২৪৬২৬, ওয়েবঃ www.cca.gov.bd, মেইলঃ info@cca.gov.bd

নং- ৩৯.১১০.০২২.০০.০০.১৪৭২.২০১০-৩৪৩৬

তারিখঃ ০২ ডিসেম্বর ২০১০

**সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের (সিএ) ভৌত ও কারিগরি অবকাঠামো
নিরীক্ষার জন্য নিরীক্ষক প্যানেল গঠনের বিজ্ঞপ্তি**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংশোধন) আইন ২০০৯, তথ্য প্রযুক্তি (সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ) বিধিমালা ২০১০ এবং সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিরীক্ষা গাইডলাইন অনুসারে সিএ লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের ভৌত ও কারিগরি অবকাঠামো ও অন্যান্য সুবিধাদি নিরীক্ষার জন্য ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয় কর্তৃক নিরীক্ষা প্রতিষ্ঠান/ব্যক্তির একটি প্যানেল গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতদুদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নিরীক্ষা প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

প্রতিষ্ঠানের ক্ষেত্রে, নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন জনবল থাকতে হবে :

- (ক) Trusted কম্পিউটার সিস্টেমস, ইনফরমেশন সিস্টেমস ও নেটওয়ার্কিং পরিবেশ সম্পর্কে সম্যক জ্ঞান সম্পন্ন জনবল;
- (খ) PKI, ডিজিটাল স্বাক্ষর, ক্রিপ্টোগ্রাফিক মডিউল, ডিজিটাল স্বাক্ষর-এর বিভিন্ন আন্তর্জাতিক মানদণ্ড ও রীতি পদ্ধতি সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে;

ব্যক্তি আবেদনকারীর ক্ষেত্রেও উপরোক্ত যোগ্যতাসমূহ প্রযোজ্য হবে।

উল্লেখ্য, ISO 27001 সনদ বা CISA বা CISSP বা সমতুল্য/সমমান সনদপ্রাপ্ত নিরীক্ষক এবং ইনফরমেশন সিস্টেমস অডিট এর অভিজ্ঞতাসম্পন্ন প্রতিষ্ঠান/ব্যক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

উপযুক্ত যোগ্যতার ভিত্তিতে সিসিএ কার্যালয় নিরীক্ষা প্রতিষ্ঠান/নিরীক্ষকের একটি প্যানেল গঠন করবে যার মেয়াদ দুই বছরের জন্য বলবৎ থাকবে। কারিগরিভাবে উত্তীর্ণ প্রস্তাবসমূহের আর্থিক প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সিসিএ কার্যালয় জন-দিবস ভিত্তিক একটি দর নির্ধারণ করবে। প্যানেলভুক্ত সকল নিরীক্ষা প্রতিষ্ঠান/ব্যক্তির ক্ষেত্রে (নিরীক্ষা প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক উক্ত দর ও অন্যান্য শর্তাবলী গ্রহণ সাপেক্ষে) উল্লিখিত দর প্রযোজ্য হবে।

আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজ ও দলিলাদিসহ নির্ধারিত ফরম (www.cca.gov.bd ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে) পূরণপূর্বক এবং জন-দিবসের ভিত্তিতে অডিট ফি (ভ্যাট/ট্যাক্স ব্যতীত) উল্লেখপূর্বক আলাদা বন্ধ খামে (Sealed Envelope) আর্থিক প্রস্তাবসহ আবেদন আগামী ৩০ ডিসেম্বর ২০১০ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় দাখিল করতে হবে।

যে সকল প্রতিষ্ঠান সিএ লাইসেন্সের জন্য আবেদন করেছেন সে সকল প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের আবেদন নিরীক্ষক প্যানেলের জন্য বিবেচনা করা হবে না।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে সিসিএ কার্যালয় যেকোন আবেদন আংশিক/সম্পূর্ণভাবে গ্রহণ বা যেকোন/সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ মাহফুজুর রহমান)

সিসিএ